



স্মারক নং-২২.০২.০০০০.০১২.৫৪.০০৫.২১-১৭

তারিখঃ ২৭/১০/১৪২৮ বঙ্গাব্দঃ
১০/০২/২০২২ খ্রিঃ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ২০ ধারা মোতাবেক প্রণীত বিপজ্জনক বর্জ্য ও জাহাজভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর তফসিল ১ এর আওতাভুক্ত বিপজ্জনক রাসায়নিক পদার্থসমূহ বাংলাদেশে আমদানি এবং রপ্তানির জন্য নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণ করিয়া পরিবেশ অধিদপ্তর হইতে ছাড়পত্র গ্রহণ করিতে হইবেঃ

- ক) আমদানি এবং রপ্তানির ক্ষেত্রে সুনির্দিষ্ট আবেদনপত্রসহ অন্যান্য সংযুক্তি যথাযথভাবে পূরণ করিয়া চাহিত সকল কাগজপত্রসহ পরিবেশ অধিদপ্তরের সদর দপ্তরে মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর বরাবর দাখিল করিতে হইবে;
- খ) ছাড়পত্রের আবেদনের সাথে প্রযোজ্য ছাড়পত্র ফি ও ভ্যাট ফি বাবদ মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর বরাবর প্রদেয় আলাদা পে অর্ডার জমা প্রদান করিতে হইবে;
- গ) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত তথ্যাদি আবশ্যিকভাবে দাখিল করিতে হইবেঃ

আবেদনকারী ট্রেডিং প্রতিষ্ঠান হইলে (শুধুমাত্র রাসায়নিক সংরক্ষণাগারের ক্ষেত্রে)	আবেদনকারী শিল্প প্রতিষ্ঠান হইলে (আমদানিকৃত রাসায়নিক পদার্থ কৌচামাল হিসাবে ব্যবহৃত হইলে)
<ul style="list-style-type: none">❖ পে অর্ডার (ছাড়পত্র ফি ও ভ্যাট ফি বাবদ);❖ ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট / ইমপোর্ট পারমিট;❖ এলসি;❖ ট্রেড লাইসেন্স;❖ টিন সার্টিফিকেট;❖ কেমিক্যালের সংরক্ষণাগারের জন্য হালনাগাদকৃত পরিবেশগত ছাড়পত্র;❖ কেমিক্যালের সংরক্ষণাগারের স্বপক্ষে বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স;❖ কেমিক্যালের সংরক্ষণাগারের স্বপক্ষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের লাইসেন্স;❖ এসিড আমদানির প্রয়োজনীয় লাইসেন্স/অনুমোদন।	<ul style="list-style-type: none">❖ পে অর্ডার (ছাড়পত্র ফি ও ভ্যাট ফি বাবদ);❖ ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট / ইমপোর্ট পারমিট;❖ এলসি;❖ ট্রেড লাইসেন্স;❖ টিন সার্টিফিকেট;❖ শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের হালনাগাদকৃত পরিবেশগত ছাড়পত্র;❖ শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের স্বপক্ষে বিস্ফোরক অধিদপ্তরের লাইসেন্স;❖ শিল্প প্রতিষ্ঠান/প্রকল্পের স্বপক্ষে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের লাইসেন্স;❖ এসিড আমদানির প্রয়োজনীয় লাইসেন্স/অনুমোদন।

- ঘ) আবাসিক ভবনে রাসায়নিক সংরক্ষণাগার স্থাপনের জন্য পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হইবে না;
- ঙ) প্রতিটি এলসি'র বিপরীতে আমদানি/রপ্তানির ছাড়পত্র প্রদেয় হইবে;
- চ) অধিদপ্তরের ওয়েব সাইট www.doe.gov.bd এ আবেদনপত্রসহ পে অর্ডার সংক্রান্ত তথ্যাদি ও প্রয়োজনীয় সংযুক্তি পাওয়া যাইবে;
- ছ) অসম্পূর্ণ ও অসত্য তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল করা হইবে এবং পে অর্ডারের মাধ্যমে গৃহীত ছাড়পত্র এবং ভ্যাট ফি ফেরত প্রদান করা হইবে;
- জ) প্রযোজ্যক্ষেত্রে, আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদি সত্যানুসন্ধান করা হইবে;
- ঝ) বিষয়টি অবিলম্বে কার্যকর হইবে।

মহাপরিচালক
৮১৮১৮০০
dg@doe.gov.bd